

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



০৫/০২/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ০৫/০২/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৭.২০১৯/ ২২৭/৫


বিষয়: জারিকৃত পত্রে কলেজের ঠিকানা সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.৮৮; তারিখ: ০৮/০৪/২০১৯খ্রি. মোতাবেক বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক দেশের বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে শূণ্য পদের চাহিদার ভিত্তিতে ২৪/০১/২০১৯ তারিখে ৩১,৬৬৫ জন শিক্ষক প্রার্থীকে মেধা তালিকার ভিত্তিতে এন্ট্রি লেভেলে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কিন্তু কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (তালিকা সংযুক্ত) বিভিন্ন অজুহাতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত ১৪৪ জন শিক্ষক প্রার্থীগণকে নিয়োগ প্রদানে অসম্মতি জানায়।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৪৩ জন বেসরকারি কলেজে সুপারিশকৃত শিক্ষকগণকে আগামী ০৯/০৫/২০১৯খ্রি. তারিখের মধ্যে নিয়োগ প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৭.২০১৯/১৬৮৯/৮; তারিখ: ০৬/০৫/২০১৯খ্রি. মোতাবেক এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত বেসরকারি কলেজে সংযুক্ত তালিকায় উল্লিখিত ৪৪ জন শিক্ষককে সংশ্লিষ্ট কলেজে শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের মর্মান্বায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়। জারিকৃত পত্রের সাথে সংযুক্ত তালিকার ক্রমিক নং- ২৭ এর বর্ণিত মোঃ রাজু আহমেদ, প্রভাষক, মনোবিজ্ঞান এর নামের পাশে বর্ণিত কলেজের ঠিকানা মহাস্থান মাহীসওয়ার কলেজ, শিবগঞ্জ, বগুড়া এর পরিবর্তে মহাস্থান মাহীসওয়ার কলেজ, সিংড়া, নাটোর হয়েছে।

এমতাবস্থায়, অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৭.২০১৯/১৬৮৯/৮; তারিখ: ০৬/০৫/২০১৯খ্রি. মোতাবেক জারিকৃত পত্রের সাথে সংযুক্ত তালিকার ক্রমিক নং- ২৭ এর বর্ণিত মোঃ রাজু আহমেদ, প্রভাষক, মনোবিজ্ঞান এর নামের পাশে বর্ণিত কলেজের ঠিকানা মহাস্থান মাহীসওয়ার কলেজ, সিংড়া, নাটোর এর পরিবর্তে মহাস্থান মাহীসওয়ার কলেজ, শিবগঞ্জ, বগুড়া মর্মে সংশোধন করা হলো।

 ০৫.০৫.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

মহাস্থান মাহীসওয়ার কলেজ

শিবগঞ্জ, বগুড়া

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, মহাস্থান মাহীসওয়ার কলেজ, শিবগঞ্জ, বগুড়া
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবগঞ্জ, বগুড়া
- ৬। সংরক্ষণ নথি।